

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহাপরিচালকের কার্যালয়
যুব উন্নয়ন অধিদপ্তর
১০৮ মতিঝিল বা/এ, ঢাকা-১০০০
www.dyd.gov.bd

স্মারক নম্বর: ৩৪.০১.০০০০.০২৬.৪৪.০০৫.১৭.১৬

তারিখ: ১৪ অগ্রহাষণ ১৪২৪

২৮ নভেম্বর ২০১৭

বিষয়: সকল পত্রাদি ই-নথিতে উপস্থাপন প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে রূপকল্প-২০২১ বাস্তবায়ন তথা ডিজিটাল বাংলাদেশ বিনির্মাণের লক্ষ্যে মন্ত্রিপরিষদ বিভাগের তত্তাবধানে এবং প্রধানমন্ত্রীর কার্যালয়ের একসেস টু ইনফরমেশন(এটুআই) প্রোগ্রামের সহযোগিতায় উপজেলা হতে মন্ত্রণালয় পর্যন্ত বিভিন্ন সরকারী অফিসের সকল কার্যক্রম ই-নথির মাধ্যমে বাস্তবায়নের কাজ শুরু হয়েছে। এরই ধারাবাহিকতায় যুব উন্নয়ন অধিদপ্তরেও ই-নথির কার্যক্রম চালু রয়েছে। ইতোমধ্যে প্রধান কার্যালয়ের সংশ্লিষ্ট সকল কর্মকর্তা/ কর্মচারীদের-কে ই-ফাইল প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। সকল কর্মকর্তা/কর্মচারির লাইভ আই,ডিও নির্ধারণ করে দেয়া হয়েছে। ই-ফাইলে সকল কার্যক্রম দ্রুত বাস্তবায়নের জন্য মহাপরিচালকের স্বাক্ষরে ইতোপূর্বেও নির্দেশনা প্রদান করা হয়েছে। কিন্তু ই-ফাইলের মাধ্যমে নথি উপস্থাপন এখনও সন্তোষজনক পর্যায়ে উন্নীত হয়নি মর্মে প্রতীয়মান। বিষয়টি অতীব জরুরী।

এমতাবস্থায়, অধিদপ্তরের শাখাসমূহের সকল নথিপত্রাদি (অধিক সংযুক্তি বিশিষ্ট ব্যতীত) ই-নথিতে উপস্থাপন করার জন্য পুনরায় অনুরোধ করা হলো।



১৮-১১-২০ ১৭

মোঃ আনোয়ার হোসেন

মহাপরিচালক

- ১) পরিচালক , প্রশাসন ও অর্থ , যুব উন্নয়ন অধিদপ্তর
- ২) পরিচালক , যুব প্রশিক্ষণ , যুব উন্নয়ন অধিদপ্তর
- ৩) পরিচালক , বাস্তবায়ন, মনিটরিং ও যুব সংগঠন , যুব উন্নয়ন অধিদপ্তর
- ৪) পরিচালক , পরিকল্পনা , যুব উন্নয়ন অধিদপ্তর
- ৫) পরিচালক , দারিদ্র্য বিমোচন ও ঋণ কর্মসূচী , যুব উন্নয়ন অধিদপ্তর
- ৬) প্রকল্প পরিচালক ----- (সকল) , যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।

স্মারক নম্বর: ৩৪.০১.০০০০.০২৬.৪৪.০০৫.১৭.১৬/১(২)

তারিখ: ১৪ অগ্রহাষণ ১৪২৪

২৮ নভেম্বর ২০১৭

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলঃ

- ১) প্রতিমন্ত্রীর একান্ত সচিব , প্রতিমন্ত্রীর দপ্তর, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়

২) সচিবের একান্ত সচিব, সচিবের দপ্তর, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়



১৮-১১-২০ ১৭

মোঃ আনোয়ার হোসেন

মহাপরিচালক